





প্রশিক্ষণ কর্মশালার সমাপনীতে বক্তব্য দেন প্রফেসর এস এম কবির

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে প্রশিক্ষণ কর্মশালা সমাপ্ত

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ‘প্রফেশনাল ডেভেলপমেন্ট : প্রিপেয়ারিং মাইন্ডসেট’ শীর্ষক দু’দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা সফলভাবে সমাপ্ত হয়েছে বৃহস্পতিবার (১৬ এপ্রিল ২০২৬)। ১৫-১৬ এপ্রিল অনুষ্ঠিত এই প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের সকল প্রভাষক ও সহকারী অধ্যাপক অংশগ্রহণ করেন। রিসোর্স পারসন হিসেবে দায়িত্ব পালন করেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সদস্য প্রফেসর এস এম কবির। প্রশিক্ষণের দ্বিতীয় দিনে তিনি আউটকাম-বেইসড এডুকেশন (ওবিই), কার্যকর পাঠদান পদ্ধতি, কারিকুলাম ডিজাইন, মূল্যায়ন কৌশল এবং শিক্ষার্থীকেন্দ্রিক শিক্ষণ-শেখার বিভিন্ন আধুনিক দিক নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

প্রশিক্ষণ শেষে অনুষ্ঠিত সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কাদির। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার এবং রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির। প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্য থেকে অনুভূতি ব্যক্ত করেন অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক উম্মে সালামা। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আইকিউএসি-প্রিমিয়ার ইউনিভার্সিটির অতিরিক্ত পরিচালক (কিউএ) তানজিনা আলম চৌধুরী। বিজ্ঞপ্তি



দ্বিতীয় রঙের পত্রিকা

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprabhat.com | esuprabhat.com | facebook.com/suprabhat



বিমল মিত্র : বাংলা সাহিত্যের ব্যক্তিত্বমী এক কথাসিদ্ধি



৪ রিজার্ভ এফন ৩০১.০৩ বিলিয়ন ডলার



'ভালো খেলে শুভসূচনা করার চেষ্টা করব'



সাপরপথে মানবপাচার : আমাদের উদাসীনতা দায়ী  
স্বপ্নামাদের কাছে হারিয়েগেছে সাপরপথে মানবপাচার।  
পথে ২৭ জন যাত্রী নিয়ে একটি ট্রলার ডুবির ঘটনা ঘটেছে মালদেশের  
উপকূলীয় অঞ্চলে। এতে ২৭ জন যাত্রীর মৃত্যু হয়েছে।

বিজ্ঞপ্তি • পৃষ্ঠা : ২



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'প্রফেশনাল ডেভেলপমেন্ট : প্রিপেয়ারিং মাইন্ডসেট' শীর্ষক দু'দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার সমাপনীতে বক্তব্য রাখছেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সদস্য প্রফেসর এস এম কবির

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে প্রশিক্ষণ কর্মশালা 'বর্তমান বিশ্ব দ্রুত পরিবর্তিত হচ্ছে'

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে 'প্রফেশনাল ডেভেলপমেন্ট : প্রিপেয়ারিং মাইন্ডসেট' শীর্ষক দু'দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা গতকাল শেষ হয়েছে। এই প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের সকল প্রভাষক ও সহকারী অধ্যাপক অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে রিসোর্স পারসন হিসেবে দায়িত্ব পালন করেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সম্মানিত সদস্য প্রফেসর এস এম কবির। প্রশিক্ষণের দ্বিতীয় দিনে তিনি আউটকাম-বেইসড এডুকেশন (ওবিই), কার্যকর পাঠদান পদ্ধতি, কারিকুলাম ডিজাইন, মূল্যায়ন কৌশল এবং শিক্ষার্থীকেন্দ্রিক শিক্ষণ-শেখার বিভিন্ন আধুনিক দিক নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

তিনি বলেন, বর্তমান উচ্চশিক্ষা ব্যবস্থায় শিক্ষার্থীর অর্জিত দক্ষতা ও বাস্তব প্রয়োগযোগ্যতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এজন্য শিক্ষককে শুধু জ্ঞান প্রদানকারী নয়, বরং একজন দক্ষ ফ্যাসিলিটের হিসেবে নিজেকে গড়ে তুলতে হবে। ওবিই কাঠামোর সফল বাস্তবায়নই পারে শিক্ষার গুণগত মানকে আন্তর্জাতিক মানে উন্নীত করতে। প্রশিক্ষণ শেষে অনুষ্ঠিত সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. জাহেদ মোহাম্মদ সিকদার এবং রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির। প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক এস. এম. নছরুল কদির বলেন, বর্তমান বিশ্ব দ্রুত পরিবর্তিত হচ্ছে এবং সেই পরিবর্তনের সঙ্গে তাল মিলিয়ে আমাদের শিক্ষাব্যবস্থাকেও আধুনিক ও সময়োপযোগী

করতে হবে। আউটকাম-বেইসড এডুকেশন (ওবিই) শুধুমাত্র একটি পদ্ধতি নয়, এটি একটি দৃষ্টিভঙ্গি-যেখানে শিক্ষার্থীর জ্ঞান, দক্ষতা ও মূল্যবোধের সমন্বিত বিকাশ নিশ্চিত করা হয়। আমাদের শিক্ষকরা যদি এই পদ্ধতিকে আন্তরিকভাবে গ্রহণ করেন, তাহলে শিক্ষার মান উন্নয়ন হবে এবং আমাদের শিক্ষার্থীরা জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে প্রতিযোগিতায় সক্ষম হয়ে উঠবে। প্রিমিয়ার ইউনিভার্সিটি সবসময় গুণগত শিক্ষার প্রতি অঙ্গীকারবদ্ধ এবং এ ধরনের প্রশিক্ষণ কর্মশালা সেই অঙ্গীকার বাস্তবায়নের একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। বিশেষ অতিথি ট্রেজারার প্রফেসর ড. জাহেদ মোহাম্মদ সিকদার বলেন, শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়ন ছাড়া মানসম্মত শিক্ষা নিশ্চিত করা সম্ভব নয়। এ ধরনের প্রশিক্ষণ শিক্ষকদের নতুন চিন্তাধারা ও পদ্ধতির সঙ্গে পরিচিত করে এবং শিক্ষার্থীদের জন্য একটি কার্যকর শিক্ষার পরিবেশ সৃষ্টি করতে সহায়তা করে। রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির বলেন, এই প্রশিক্ষণ কর্মশালা শিক্ষকদের পেশাগত উৎকর্ষ বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এর মাধ্যমে শিক্ষকরা আধুনিক শিক্ষণ কৌশল সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা অর্জন করেছেন, যা ভবিষ্যতে শিক্ষাদানে ইতিবাচক প্রভাব ফেলবে।

প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্য থেকে অনুভূতি ব্যক্ত করেন অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক উম্মে সালমা। অনুষ্ঠান সঞ্চালনা করেন আইকিউএসি-প্রিমিয়ার ইউনিভার্সিটির অতিরিক্ত পরিচালক (কিউএ) জনাব তানজিনা আলম চৌধুরী। বিজ্ঞপ্তি